



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১/ঢাকা/দঃ/ ৪২২৯

তারিখ : ২০/১২/২০২০

বিষয় : বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আমজাদ হোসেন-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০৮/০৩/২০২০ তারিখের আবেদন।  
 (২) জেলা শিক্ষা অফিসার, ঢাকা-এর ৩০/০৯/২০২০ তারিখের ১৯৮৮ নং তদন্ত প্রতিবেদন।  
 (৩) বোর্ডের ১৫/১১/২০২০ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আমজাদ হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) উক্ত শিক্ষকের বিগত ২৩/০৩/২০১৪ ও ২৪/০৩/২০১৪ তারিখ দুই দিনের নৈমিত্তিক ছুটি আবেদনের মাধ্যমে মঞ্জুর করা হয়। (২) তিনি বিনা অনুমতিতে বিগত ২৭/০৩/২০১৪ তারিখ থেকে অদ্যাবধি বিদ্যালয়ে অনুপস্থিত আছেন। (৩) বিনা অনুমতিতে অনুপস্থিতির কারণ দর্শানো প্রদান করে এবং জাতীয় পত্রিকায় নোটিশ প্রকাশ করেও তার কোন সন্ধান পাওয়া যায়নি ইত্যাদি কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। জেলা শিক্ষা অফিসার, ঢাকা-এর তদন্ত প্রতিবেদনেও বিষয়টি প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, বোর্ডের ১৫/১১/২০২০ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং অভিযোগসমূহ পৃথানুপৃথক বিশ্লেষণপূর্বক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আমজাদ হোসেন-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : সভাপতি, এডহক কমিটি  
 গুমাইল উচ্চ বিদ্যালয়  
 পোঃ- জিরাব, উপজেলা- সাভার  
 জেলা- ঢাকা।

মেমো নং- ৪২২৯ (২৩)

তারিখ : ২০/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। প্রধান শিক্ষক, গুমাইল উচ্চ বিদ্যালয়।
- ৮। মোঃ আমজাদ হোসেন, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), গুমাইল উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।